

জবির ১৫৫ বছর পূর্তিতে বর্ণাঢ্য আয়োজন

■ জবি প্রতিবেদক
 চলতি বছরে দেশের ঐতিহ্যবাহী
 বিদ্যালয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়
 (জবি) ১৫৫ বছরে পদার্পণ করেছে।
 ১৮৫৮ সালে ঢাকা ব্রাক মুদ্র দিয়ে
 যাত্রা শুরু করা এ প্রতিষ্ঠানটি কালের
 পরিক্রমায় আজ বিশ্ববিদ্যালয়ে উন্নীত
 হয়েছে। এ উপলক্ষে ২০-২২
 অক্টোবর তিন দিনব্যাপী বর্ণাঢ্য
 অনুষ্ঠানের আয়োজন করেছে
 বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত
 বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সাহিত্য
 ও সাংস্কৃতিক নির্বাহী কমিটির এক
 সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

দ্বিবার্ষিক উদযাপন উপলক্ষে
 শিক্ষার্থীদের জন্য নতুন দুটি উপহার
 দেওয়ার আশাবাদ ব্যক্ত করেন
 বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড.
 মিজানুর রহমান। তিনি সমকালকে
 জানান, উৎসবের প্রথমদিন
 বিশ্ববিদ্যালয়ের ৭ উল্লেখিত নতুন
 ভবনের ১৬ তলা পর্যন্ত সম্প্রসারণ
 কাজের উদ্বোধন ও হাজার শস্যের
 ছাত্রী হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করা
 হবে। উপাচার্য আরও জানান,
 পতনবর্ষের ঐতিহ্যবাহী বিদ্যালয়ের
 ১৫৫ বছর উদযাপন উপলক্ষে তিন
 দিনব্যাপী কর্মসূচি হাতে নেওয়া
 হয়েছে। এ জন্য ছয়টি উপ-কমিটি
 প্রস্তাব করা হয়েছে। আগামী ১৭
 সেপ্টেম্বর এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত
 নেওয়া হবে বলে জানান তিনি।

১৫৫ বছর পূর্তি উৎসবের
 প্রথমদিন উদ্বোধনী হিসেবে কেক
 কাটা, বেপুন ও কবুতর ওড়ানোর পর
 নতুন ভবনের সম্প্রসারণ কাজের
 উদ্বোধন ও ছাত্রী হলের ভিত্তিপ্রস্তর
 স্থাপন করা হবে। দ্বিতীয় দিন র্যালির
 পর অতিথিদের বক্তৃতা ও সাংস্কৃতিক
 অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
 তৃতীয় দিন দেশের একটি নীর্ঘস্থায়ী
 ব্যাড মন সমীচ পরিবেশন করবে। এ
 ছাড়াও বিভিন্ন বিভাগ আলাদাভাবে
 কর্মসূচি উদযাপন করবে।